# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪৯০২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৬৬৮৩

তারিখ: ০৩-০১-২০২২

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৬-১২-২০২১ তারিখের আবেদন (আইডি- (১০৬১৪)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন কাশীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের নবগঠিত ম্যানেজিং কমিটি নির্বাচনের খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকায় অসংখ্য ভূয়া অভিভাবকসহ প্রতিষ্ঠাতা সদস্যের নাম অন্তর্ভূক্ত করে নির্বাচন সম্পন্ন করেছে মর্মে জনাব মোঃ আব্দুর রব অভিযোগ ফিস ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

০৩-০১-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।

নথি নং-বিঅ-৬/৪৯০২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৬৬৮৩ (৫)

তারিখ: ০৩-০১-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা।
৩। প্রধান শিক্ষক, কাশীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ে, সরুলিয়া-কাশীপুর তালা, সাতক্ষীরা।
৪। অভিযোগকারী, জনাব মোঃ আব্দুর রব, তালা, সাতক্ষীরা।
৫। অফিস নথি।

০৩-০১-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয়: তালা উপজেলাধীন কাশীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ২৭ নভেম্বর ২০২১ তারিখের ম্যানেজিং কমিটির নির্বাচনের ভোটার তালিকায় অসংখ্য ভূয়া অভিভাবকসহ প্রতিষ্ঠাতা সদস্যের নাম অন্তর্ভূক্ত করে নির্বাচন সম্পন্ন করার বিরুদ্ধে অভিযোগ।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মো. আব্দুর রব, পিতা: মো. রফিকুল ইসলাম, গ্রাম + ডাক: পাটকেলঘাটা, উপজেলা: তালা, জেলা: সাতক্ষীরা এই মর্মে অভিযোগ করিতেছি যে, ২৭ নভেম্বর ২০২১ তারিখ কাশীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনের খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকায় অসংখ্য ভূয়া অভিভাবকসহ প্রতিষ্ঠাতা সদস্যের নাম অন্তর্ভূক্ত করে নির্বাচন সম্পন্ন করেছে এবং সেই নির্বাচিত সদস্যদের ভোটে ০৪ ডিসেম্বর ২০২১ তারিখ সভাপতি নির্বাচিত করে বোর্ডে ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য সকল কাগজপত্র দাখিল করেছে। সে কারণে বিষয়টি তদন্ত পূর্বক দাখিলকৃত উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন না করার জন্য আবেদন করিতেছি। উল্লেখ্য যে, চূড়ান্ত ভোটার তালিকায় ভূয়া ভোটার- ৭ম শ্রেণির ভোটার নং- ০৮৩, ৮ম শ্রেণির ভোটার নং- ০৮৪, ৮ম শ্রেণির ভোটার নং- ০৯৭, ৮ম শ্রেণির ভোটার নং- ১০১, ৮ম শ্রেণির ভোটার নং- ১১৬, ৮ম শ্রেণির ভোটার নং- ১২৫, ৯ম শ্রেণির ভোটার নং- ১৪৩, ৯ম শ্রেণির ভোটার নং- ১৫৫, ৯ম শ্রেণির ক্রঃ নং- ১৮৪, ৯ম শ্রেণির ভোটার নং- ১৮০, ৯ম শ্রেণির ভোটার নং- ১৮১, ৯ম শ্রেণির ভোটার নং- ১৮৩, ৯ম শ্রেণির ভোটার নং- ২০২, ৯ম শ্রেণির ভোটার নং- ২০৪, ১০ম শ্রেণির ভোটার নং- ২৩০, ১০ম শ্রেণির ভোটার নং- ২৫১, ১০ম শ্রেণির ভোটার নং- ২৫২, ১০ম শ্রেণির ভোটার নং- ২৬০, ১০ম শ্রেণির ভোটার নং- ২৭০সহ আরো অনেকে। আরো উল্লেখ থাকে যে, উক্ত ভোটার তালিকায় নিয়ম বর্হিঃভূত ভাবে প্রতিষ্ঠাতা সদস্যের নাম অন্তর্ভূক্ত করেছে।

অতএব, জনাব সমীপে আকুল প্রার্থনা এই যে, বিষয়টি তদন্ত পূর্বক দাখিলকৃত উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন না হয় তাহার কার্যকরী সু-ব্যবস্থা গ্রহণ করিতে মহানুভবের একান্ত মর্জি হয়।

তারিখ: ০৬.১২.২০২১ খ্রি.।

বিনীত নিবেদক

মো: আব্দুর রব
০৬/১২/২১

(মো. আব্দুর রব)
মোবাইল নং: ০১৭১৩২৯০০৬৯